সমকাল

তারিখ 1 0 OCT 2013
পৃষ্ঠা ১২ কলাম ৭

# ৫ হাজার সহকারী লাইব্রেরিয়ান এমপিওভুক্ত হচ্ছেন

■ বিশেষ প্রতিনিধি

তিন শর্তে রাজি থাকার মুচলেকা নিয়ে সারাদেশের বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের প্রায় পাঁচ হাজার সহকারী লাইব্রেরিয়ানকে এমপিওভুক্ত করতে যাচ্ছে সরকার। এ তিনটি শর্তের মধ্যে রয়েছে- আগামী তিন বছরের মধ্যে এই লাইব্রেরিয়ানরা, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) অনুমোদিত বিশ্ববিদ্যালয় থেকে গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা ডিগ্রি অর্জন করবেন, ওই ডিগ্রি অর্জনের আগ পর্যন্ত প্রাপ্যতার চেয়ে এক ধাপ নিচের স্কেলে বেতন পাবেন এবং আগের দুটি শর্ত প্রতিপালন না করলে এমপিওভুক্তি বাতিলে সম্মত থাকবেন। এসব শর্ত মেনে নিয়ে ৩০০ টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে সই করতে হবে গ্রন্থাগারিকদের। এর পর তাদের এমপিওভুক্তির টাকা দেওয়া হবে।

মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (মাউশি) থেকে এসব তথ্য জানা গেছে। গতকাল বুধবার শিক্ষা মন্ত্রণালয় থেকে এসব শর্ত মানার মুচলেকা নিয়ে সহকারী লাইব্রেরিয়ানদের এমপিওভুক্ত ছাড় করার ব্যাপারে মাউশিকে নির্দেশনা দেওয়া হয়েছে। সহকারী লাইব্রেরিয়ানরা এমপিওভুক্তির জন্য দীর্ঘদিন ধরে আন্দোলন চালিয়ে যাচ্ছিলেন।

জানা গেছে, এসব সহকারী লাইব্রেরিয়ান সরকার অননুমোদিত বা ভুঁইফোড় নানা প্রতিষ্ঠান থেকে গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা ডিগ্রির সনদ সংগ্রহ করেছিলেন। কেউ সনদ ব্যবসায় সম্পৃক্ত কয়েকটি বেসরকারি বিশ্ববিদ্যালয় থেকে নেওয়া সনদ জমা দিয়েছিলেন এমপিওভুক্ত হওয়ার জন্য। সরকার এসব সনদ আমলে নিতে অস্বীকৃতি জানালে সহকারী লাইব্রেরিয়ানরা আন্দোলনে নামেন। এরপর শিক্ষা মন্ত্রণালয়ের তরফ থেকে তাদের শর্ত সাপেক্ষে দাবি পূরণের আশ্বাস দেওয়া হয়।